

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৬১৬

-এ,

তারিখঃ ১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০ম গ্রেড হতে উচ্চতর গ্রেডে কর্মরত কর্মকর্তাগণের বেতন ভাতা বিল অনলাইনে দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের ১০ম গ্রেড হতে উচ্চতর গ্রেডে কর্মরত কর্মকর্তাগণের বেতন ভাতা বিল অক্টোবর/২০১৯ মাস হতে অনলাইনে দাখিলের জন্য হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় এবং কর্মসূচি পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি (PEMS) কার্যালয় হতে অনুরোধ জানানো হয়েছে। ইতোমধ্যে অনলাইনে বেতন ভাতা বিল দাখিলকরণ বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের হিসাব শাখা কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগে কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তাগণদের জন্য প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে।

এমতাবস্থায়, অক্টোবর/২০১৯ মাস হতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ১০ম গ্রেড হতে উচ্চতর গ্রেডে কর্মরত কর্মকর্তাগণের বেতন ভাতা বিল অনলাইনে দাখিলের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

বিশেষ দ্রষ্টব্যঃ মাসিক বেতন ভাতা বিল অনলাইনে দাখিলের পর বেতনের অনলাইন রিপোর্টের স্বাক্ষরিত ২টি কপি দাপ্তরিক প্রয়োজনে হাইকোর্ট বিভাগের হিসাব শাখায় দাখিল করতে হবে।

বিনীত

স্বাঃ/-  
(মোঃ গোলাম রব্বানী)  
রেজিস্ট্রার  
হাইকোর্ট বিভাগ

স্মারক নং-

-এ,

তারিখঃ ১২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. অতিরিক্ত রেজিস্ট্রার,....., হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৩. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. ডেপুটি রেজিস্ট্রার,....., হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।